

# ঢাবি প্রক্টরসহ প্রক্টরিয়াল বড়ির ১৪ জনের পদত্যাগ

প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়

: বৃহস্পতিবার, ০৮ আগস্ট ২০২৪



কোটা সংস্কার আন্দোলন দিয়ে শুরু হওয়া সরকার পতন আন্দোলনের প্রেক্ষিতে শেখ হাসিনার দেশত্যাগের পর বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় প্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্ব থেকে অব্যাহতি নেওয়ার হিড়িক পড়েছে। এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রক্টরসহ প্রক্টরিয়াল বড়ির ১৪ জন শিক্ষক পদত্যাগ করেছেন।

বৃহস্পতিবার (৮ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের সদ্য সাবেক প্রক্টর অধ্যাপক ড. মো. মাকসুদুর রহমান সংবাদকে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, আমি ও আমার ১৩ জন সহকর্মী (সহকারী প্রক্টর) আজ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অফিসে পদত্যাগপত্র জমা দিয়েছি।

পদত্যাগকারী শিক্ষকরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সদ্য সাবেক সহকারী প্রক্টর ড. লিটন কুমার সাহা, মো. নাজির হোসেন খান, সীমা ইসলাম, ড. মুহাম্মদ মাহবুবুর রহমান, ড. মোঃ আব্দুল মুহিত, ড. এম এল পলাশ, ড. সউদ আহমেদ, সঞ্চিতা গুহ, ড. মো: হাসান ফারুক, মুহাম্মদ বদরুল হাসান, মুহাম্মদ মাইনউদ্দিন মোল্লা, ড. মো. মোস্তাফিজুর রহমান এবং মোহাম্মদ ইমাউল হক সরকার টিটু।